# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.১৮.০৩৩.১৯-৩৩৩

তারিখ ০৪ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্মারক নং- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০১৪.২৪-২৯৮৭; তারিখঃ ১১ নভেম্বর, ২০২৪ খ্রিঃ মোতাবেক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারি- ২০২৪ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সংক্রান্ত পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃষ্ঠাঙ্কন করা হলো:-

১। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), .........................বাপাউবো .......................।
২। নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (সকল).......................বাপাউবো.......................।
৪। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল) ........................................................বাপাউবো .......................।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি/মাষ্টার কপি।

১৯/১২/২৪
(মুঃ নূরুল আমীন)
উপপরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা

ডায়েরী নং ৯২৭
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখঃ ২৯/১২/২৪
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

১৯/১২/২০২৪
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২৫০২ ১৫/১২/২৪

১। অমপ (পূর্ব/পশ্চি/পরি/প্রশাসন/অর্থ)/ প্রঃ প্রকৌঃ (পরি/মনি) ............/মপ তারিখঃ..........
২। ..........
অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।
★ বিধি মোতাবেক ব্যবস্থা নিন।
★ পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।
★ পরীক্ষা করে পেশ করুন।
★ তদন্ত করে মতামত সহ প্রতিবেদন দিন।
★ সভায় যোগদান করুন এবং কার্যবিবরণী অবহিত করুন
★ আলাপ করুন
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প**
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-বি)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০১৪.২৪-২২৮৭

তারিখঃ ২৮ কার্তিক, ১৪৩১
১১ নভেম্বর, ২০২৪

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারি ২০২৪ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। তিনটি উল্লেখযোগ্য শুমারির মধ্যে বর্তমানে অর্থনৈতিক শুমারি ২০২৪ এর কার্যক্রম চলমান রয়েছে। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দুটি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় ২০২৪ সালে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ শুমারি হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত দেশের অর্থনৈতিক অবস্থার বিস্তারিত চিত্র তুলে ধরবে, যা নতুন বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

০২। অর্থনৈতিক শুমারি ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ১০-২৬ ডিসেম্বর, ২০২৪ দেশব্যাপী অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। সারাদেশে প্রায় ৯৫ হাজার তথ্যসংগ্রহকারী, ১৯ হাজার সুপারভাইজার, ২৬০০ আইটি সুপারভাইজার এবং ২৬০০ জোনাল অফিসার এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। জাতীয় এ গুরুত্বপূর্ণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নে আপনার প্রতিষ্ঠানসহ অধীনস্থ সংস্থার কর্মচারীগণের সর্বাত্মক সহযোগিতা একান্ত আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০ হতে ২৬ ডিসেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠেয় অর্থনৈতিক শুমারিতে তথ্য প্রদানসহ শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহযোগিতার নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
..............................
..............................

১১/১১/২০২৪
মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
☎: ০২-৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস।
২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ...................... বিভাগ।
৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, ...................... জেলা।
৫। জেলা শুমারি সমন্বয়কারী, .....................শুমারি জেলা।
৬। অফিস কপি।

২২৭৯
১৮/১১/২৪

| | |
|---|---|
| অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | |
| ডাইরি নং ২৮৮৭ | তারিখ: ২৭/১১/২৪ |
| অতিঃ প্রঃ প্রকৌঃ .../পরিচালক .../প্রশিক্ষণ/ কল্যাণ/.../ডিপ-পরিঃ (প্রশাসন)/ডিপ-পরিঃ (আইন) | |
| জরুরী/অতি জরুরী/আলাপ করুন/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/... পেশ করুন। নথিতে রাখুন | |
| পিএ | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) |

CamScanner

# অর্থনৈতিক শুমারি ২০২৪

শুমারিকাল
**১০-২৬ ডিসেম্বর ২০২৪**

দেশের আর্থ-সামাজিক অবস্থা নিরূপণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে থাকে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে অর্থনৈতিক শুমারি অন্যতম। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দুটি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। ২০২৪ সালে অনুষ্ঠিত হচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি।

## অর্থনৈতিক শুমারির লক্ষ্য

সময়ের বিবর্তনে একটি দেশের অর্থনীতির কাঠামোগত পরিবর্তন সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন

## অর্থনৈতিক শুমারির উদ্দেশ্য

- খানা ও প্রতিষ্ঠানভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ডের কাঠামো নির্ধারণ;
- শ্রেণিবিন্যাস অনুযায়ী অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত সকল অর্থনৈতিক ইউনিট সম্পর্কে তথ্য সরবরাহ করা;
- অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত জনবলের হিসাব নিরূপণের পাশাপাশি তাদের ধরন সম্পর্কে ধারণা লাভ করা;
- শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠানে বিদ্যমান মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা লাভ করা;
- ইউনিটের স্থায়ী সম্পদ ও জনবল কাঠামো অনুযায়ী শ্রেণিবিন্যাসকরণ এবং শ্রেণিভিত্তিক সংখ্যা নির্ধারণ এবং
- দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষকসহ বিভিন্ন অংশীজনদের হালনাগাদ তথ্য-উপাত্ত সরবরাহ করা।

### তথ্য সংগ্রহ পদ্ধতি

তথ্য সংগ্রহকারী কর্তৃক প্রতিটি ইউনিট হতে ট্যাবের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে

অর্থনৈতিক শুমারি ২০২৪

## শুমারির আওতা

দেশে অবস্থিত সকল ধরনের প্রতিষ্ঠান, কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকাণ্ড সম্বলিত খানা এবং প্রাতিষ্ঠানিক কৃষি খামার অর্থনৈতিক শুমারির আওতাভুক্ত

পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অর্থনৈতিক শুমারি পরিচালনা করে

**অর্থনৈতিক শুমারিতে তথ্য দিন**
**নতুন বাংলাদেশ বিনির্মাণে অংশ নিন**


যোগাযোগ
০৯৬০২৯৯৮৮৭৭
09602998877
০১৮৪৭-৭৬৯৭৪৬
০১৮৪৭-৭৬৯৭৪৭
০১৮৪৭-৭৬৯৭৪৮
৮৮-০২-৫৫০০৬৮৪৫
ec24.bbs@gmail.com
www.bbs.gov.bd

অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ